আলমডাঙ্গায় জমি বিক্রয়ের নামে প্রতারণা, সৎ ভাইয়ের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

আলমডাঙ্গার আনন্দধামে ৩ শতক জমি বিক্রির ঘোষনা দিয়ে নগদ টাকা ও মাঠের ৪৫ শতক জমি নেবার পরও জমি না দিয়ে প্রতারণা করার অভিযোগে সংবাদ সম্মেলন করেছেন।

শুক্রবার আবু জাফর ও তার ভাই জাহাঙ্গীর আলম লিখিত সংবাদ সম্মেলনে উল্লেখ করেছেন যে, আমাদের পিতা ডামোস গ্রামের মৃত আব্দুল জলিল আলমডাঙ্গা শহরের আনন্দধামে ১৭ শতক জমির মধ্যে আমাদের দুই ভাইয়ের নামে ৮ শতক ও আমাদের সৎ ৩ ভাইয়ের নামে ৯ শতক জমি রেজিস্ট্রি করে দেন।

আমরা সৎ দুই ভাইয়ের কাছ থেকে কিছু জমি আগে ক্রয় করি। আমার অন্য আরেক সৎ ভাই হাবিল উদ্দিনের নামীয় ৩ শতক জমি গত ২৪/০৬ /২২ সালে ক্রয়ের জন্য দরদাম করি। মূল্য নির্ধারণের পর তাকে নগদ ১ লাখ ৪৩ হাজার টাকা ও ডামোস মাঠে ৪৫ শতক জমি প্রদান করি। যা আনন্দধাম এলাকার গণ্যমান্য ব্যক্তির স্বাক্ষরের মাধ্যমে চুক্তিনামা করা হয়। চুক্তিনামা করার পর দীর্ঘদিন অতিবাহিত হলেও জমি রেজিস্ট্রি না করে আমাদের সাথে টালবাহানা শুরু করে।

সে আমার জমিতে পুকুর কেটে দীর্ঘ ১২ বছর ভোগ দখল করলেও সৎ ভাই হাবিল ও তার ছেলে লিপু জমি রেজিস্ট্রি না করে দিয়ে প্রতারণা শুরু করে। বাধ্য হয়ে আমরা ২০১৫ সালে আদালতে মামলা দায়ের করি। যা চলমান রয়েছে। এরই এক পর্যায়ে গত ১২ জুলাই হাবিল ও তার ছেলে লিপু বেশ কয়েকজনকে নিয়ে দোকানে তালা লাগাতে আসে।

আমরা নিষেধ করলে আমাদের উপর হামলা করে। রড ও বাটাম দিয়ে বেধড়ক পিটিয়ে জখম করে। মারাত্মক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা শেষে বাড়ি ফিরি। তারা মিথ্যা অভিযোগ দায়েরের জন্য নাটক সাজিয়েছে। আমরা সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রশাসনের নিকট সুষ্ঠ বিচারের দাবী জানাচ্ছি।

দর্শনায় সাংবাদিক রুবেল হত্যাকারীদের গ্রেফতারের দাবিতে মানববন্ধন

কুষ্টিয়ার সাংবাদিক হাসিবুর রহমান রুবেল হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতার ও শাস্তির দাবীতে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির উদ্দ্যেগে প্রতিবাদ সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে ও সাবেক সেক্রটারী ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় মানববন্ধনে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা সিসিবির সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এস,এম ওসমান, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার রহমান বকুল, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি আতিয়ার রহমান, সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন, হাসাদহ প্রেসক্লাবের সভাপতি মতিয়ার রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সদস্য ডাক্তার আব্দুল হান্নান।

মানববন্ধনে বক্তরা বলেন, দিন দিন সাংবাদিকদের উপর নির্যাতন বাড়ছে। সাংবাদিক হত্যার বিচার হচ্ছে না। সাগর-রুনি হত্যা এক যুগ পার হলেও সেই বিচার আজও হয়নি। কয়েক দিন আগে আমাদের সহকর্মী রুবেলকে হত্যা করা হলো। প্রশাসন লাশ উদ্ধার করতে অনেক সময় নিল। আসামিদের গ্রেপ্তার করতে গড়িমসি করেছে। ডিজিটাল যুগে কেনো এত সময় লাগছে আসামি শনাক্ত করতে, কেন গড়িমসি করছে আমরা বুঝতে পারছি না।

বক্তরা অনতিবিলম্বে সাংবাদিক রুবেল হত্যায় জড়িতদের গ্রেপ্তারের দাবি জানান। আসামিদের গ্রেপ্তার করা না হলে কঠোর আন্দোলনের হুশিয়ারি দেন।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সহ-সভাপতি মোজাম্মেল হক শিশির, সাংগাঠনিক সম্পাদক তমছের আলী, দর্শনা সাংবাদিক সমিতির সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, প্রেসক্লাবের সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, হানিফ মন্ডল এবং সাংবাদিক সমিতির সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য- সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, সুকমল চন্দ্র দাস বাঁধন, আবিদ হাসান রিফাত, ফরহাদ হোসেন, ইয়াছিন জুয়েল প্রমুখ।

জীবননগরে চেয়ারম্যানের উপর হামলার ঘটনায় প্রতিবাদ সভা

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃঞ্চপুর গ্রামের তিন ফসলী কৃষি জমিতে সোলার বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কেন্দ্র করে রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ রশিদ শাহের উপর হামলার প্রতিবাদে প্রতিবাদ সভা ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার সময় জীবননগর উপজেলার রায়পুর গ্রামে ইউনিয়নবাসীর আয়োজনে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় হামলাকারীদের বিরুদ্ধে দ্রুত সময়ে ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয় ।

রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তাজ্জদ মির্জার সভাপতিত্বে প্রতিবাদ সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ্।

এছাড়াও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য আব্দুর রাজ্জাক শাহ, রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক রওশন, রায়পুর ইউপি সদস্য মানিক,১নং ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি ইসমাইল বিশ্বাস, ৫নং ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি আবু তালেব,সাধারন সম্পাদক আতিয়ার রহমান,৬নং ওর্য়াড আওয়ামী লীগের

সভাপতি তালেব,সাধারন সম্পাদক কেরামত আলী,যুবলীগ নেতা মশিয়ার রহমান, জীবননগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি নয়ন প্রমুখ।

আলমডাঙ্গায় প্রতারণার মাধ্যমে হাতিয়ে নিচ্ছে টাকা

স্বপ্নে দেখা টিউবওয়েলের পানিতে কবিরাজি চিকিৎসা। এতে বিভিন্ন জেলার শত শত নারী-পুরুষ চিকিৎসা নিতে হাজির হচ্ছে আলমডাঙ্গার পোলতাডাঙ্গায়।

স্বপ্নের টিউবওয়েলের পানি সেবনে টিউমার সহ মরণব্যাধী ক্যান্সারজনিত রোগে সুফল পাচ্ছে বলে দাবি করেন কবিরাজ পায়রা খাতুন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের পোলতাডাঙ্গা গ্রামের একরামুল হোসেনের স্ত্রী দুই সন্তানের জননী পায়রা খাতুন। সে গত ৩ বছর পূর্বে পায়রা খাতুন অজ্ঞাত রোগে আক্রান্ত হয়।

বিভিন্ন জায়গায় চিকিৎসা নিলেও রোগ নির্ণয় ও চিকিৎসা নিয়েও সুস্থ হতে পারে না। পায়রার স্বামী প্রবাস ফেরৎ একরামুল বর্তমানে সে কৃষি কাজ করে।

গত ২০২১ সালে পায়রা খাতুন ঘুমের মাঝে স্বপ্নে দেখে তার বাড়ির টিউবওয়েলের পানি পান করলে বিভিন্ন রোগ থেকে উপশম পাবে। এমন স্বপ্ন সে বারবার দেখে।

এমন স্বপ্নের পর গত ২০২১ সালে ঈদুল আজহা ঈদের দিনগত রাতে তার মাথার চুলে হঠাৎ জট বাঁধে। এতে পরিবারের লোকজন সকলে অবাক হয়ে যায়। এক পর্যায়ে পায়রা খাতুন নিজের বাড়ির টিউবওয়েলের পানি দিয়ে কবিরাজি শুরু করে। এতে অনেক সুস্থতা লাভ করেছে দাবি তাদের।

স্থানীয়রা জানায়, গত ১ বছর যাবৎ পায়রা খাতুন কবিরাজি কাজ শুরু করে। তার বাড়ির টিউবওয়েলের পানি নিয়ত করে পান করলে বিভিন্ন রোগ থেকে উপশম পাওয়া যায়।

এমন চিকিৎসার কথা চুয়াডাঙ্গা জেলাসহ বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়লে হাজার হাজার মানুষ টিউবওয়েলের পানি নিতে লাইন দেয় পায়রার বাড়িতে। সপ্তাহের সোমবার ও শুক্রবার সকাল থেকে টিউবওয়েলের পানি সরবরাহ করা হয়।

কবিরাজ পায়রা খাতুন জানান, আমি স্বপ্নে দেখার পর টিউবওয়েলের পানিতে অনেক মানুষকে পানি দিয়েছি। তারা সেবন করে টিউমার ও ক্যান্সারের মত রোগ থেকে তারা উপকৃত হয়েছে। সপ্তাহে দু’দিন পানি নিতে ভিড় জমায় সাধারণ মানুষ।

তিনি আরো জানান, টিউবওয়েলের পানি সরবরাহের জন্য মোটর ব্যবহার করা হচ্ছে। ড্রামে পানি ভর্তি করে সেখান থেকে বোতলে পানি নিয়ে যাচ্ছে অনেকে। এতে তারা অনেক উপকৃত হচ্ছে।

চুয়াডাঙ্গায় ৭ জন করোনা আক্রান্ত

চুয়াডাঙ্গায় আবারো ঈদের পর বাড়ছে করোনায় ৪র্থ ধাপে আক্রান্তের সংখ্যা। চুয়াডাঙ্গায় বৃহস্পতিবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ৭ জন।

চুয়াডাঙ্গায় মোট ২১০ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৯০ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় নতুন করে ৭ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭ হাজার ৯০৫ জন। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ বৃহস্পতিবার ৪০ জনের নমুনা সংগ্রহ করেছে ।

এ সময় ৭ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭ হাজার ৯০৫ জনে। বৃহস্পতিবার নতুন কোনো করোনা রোগী সুস্থ হয়নি।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে কেও নাই ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. মোঃ সাজ্জাৎ হাসান আরো বলেন, গত ২৪ ঘন্টায় চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১৭.৫০ শতাংশ।

আলমডাঙ্গায় প্রাগপুর উন্নয়নে আমরা সংগঠনের মতবিনিময়

প্রাগপুরে উন্নয়নে আমরা ফাউন্ডেশনের কার্যক্রম বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে। গতকাল সোমবার বিকেল ৫ টার দিকে আলমডাঙ্গা প্রাগপুর বাজার প্রাঙ্গণে এ মতবিনিময় সভা অনুষ্টিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা ওসমানপুর প্রাগপুর সিদ্দিকিয়া ফাজিল মাদ্রাসার সাবেক প্রিন্সিপাল এবি এম জুলফিকার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা ওসমানপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ কাশেম আলী বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আজিজুল হক, আলাউদ্দিন, মহসেন, সিদ্দিকুর, জিল্লুর রহমান, আমিরুল ইসলাম, আনারুল ইসলাম, শফিকুর রহমান, রিফাজ্জেল হোসেন, গোলাম সরোয়ার, তৌহিদুল ইসলাম, রাহাত আলী, হামেদ আলী, রমজান আলী, তোফাজ্জেল মন্ডল, আহার আলী, লাল চাঁদ প্রমূখ।

দর্শনা সীমান্তে থেকে প্রায় সাড়ে ১১লক্ষ টাকার রুপার গহনা

উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী দর্শনা থানার ফুলবাড়ী গ্রামের মাঠ থেকে ৮কেজি ৮০০ কেজি (৭৫৪ ভরি) ওজনের উন্নত মানের রুপার গহনা উদ্ধার করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন।

শুক্রবার বিকাল ৫টার দিকে সীমান্তের ১০০গজ বাংলাদেশের অভ্যন্তরের ফুলবাড়ী গ্রামের মাঠের একটি পাট ক্ষেত থেকে পরিত্যাক্ত অবস্থায় এই গহনা উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি শুক্রবার সন্ধ্যায় এক প্রেস বিজ্ঞতিতে জানান, গোপন সংবাদের ভিত্তিতে তিনি জানতে পারেন ফুলবাড়ী মাঠের মধ্যে দিয়ে রুপার একটি বড় চালান পাচার করা হচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে তিনি সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানার ফুলবাড়ী সীমান্তের মেইন পিলার ৮৫ হতে আনুমানিক ১০০ গজ বাংলাদেশে অভ্যন্তরে ফুলবাড়ী মাঠের একটি পাট ক্ষেতে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ৮কেজি ৮০০ গ্রাম (৭৫৪ ভরি) ওজনের ভারতীয় তৈরী রুপার গহনা উদ্ধার করে।

উদ্ধারকৃত গহনার আনুমানিক মূল্য ১১ লক্ষ ৩১ হাজার টাকা। এব্যপারে নায়েব সুবেদার মোস্তাফিজুর রহমান বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছে। উদ্ধারকৃত গহনা চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দেওয়া হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির মেহেরপুর প্রতিদিনকে বলেন এ রুপা উদ্ধকরের ঘটনায় এখনো পর্যন্ত কোন মামলা দেয়নি বিজিবি।

দর্শনায় প্রেস স্ট্রিকার

লাগানো মাইক্রোবাস থেকে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজন আটক

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাসে তল্লাশী অভিযান চালিয়ে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজনকে আটক করেছেন দর্শনা থানা পুলিশ।

আটকরা হলেন চুয়াডাঙ্গার দর্শনা উপজেলার দক্ষিণ চাঁদপুর বাসস্যান্ডপাড়া এলাকার আব্দুল মালেক মন্ডলের ছেলে আবু সাঈদ (৩৮) ও মহাম্মদপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৮)।

বৃহস্পতিবার (৭ জুলাই)ভোর সাড়ে ৫ টার দিকে দর্শনা পৌরসভার হিজলগাড়ি সড়কের দোয়েল ইটভাটার সামনে এ অভিযান চালান পুলিশ।

দর্শনা থানার এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস, এএসআই(নিঃ) মোঃ আবু বক্কর সিদ্দিক ও সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনার আলোচিত কন্ঠ’র প্রেস ষ্টিকার লাগানো মাইক্রোবাসে করে ওই দুই ফেনসিডিল নিয়ে যাচ্ছিল। গোপন সংবাদে পুলিশের একটি টীম মাইক্রোবাসটিতে তল্লাশী অভিযান চালান।এসময় ওই মাইক্রোবাসের মধ্যে সীটের নিচ থেকে ২২৮ বোতল ফেনসিডিল উদ্ধার হয়।এসময় ওই দুই মাদক ব্যবসায়ীকে আটক ও মাইক্রোবাসটি জব্দ করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় গাজাসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাজাসহ আনিছুর রহমান (৪৪) কে গ্রেফতার করেছে।

শুক্রবার বেলা ১২ টার দিকে অভিযান চালায় কুড়ালগাছি মাধ্যমিক

বিদ্যালয়ের জামাল হোসেনের চায়ের দোকানের সামনে এ অভিযান চালান।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ হারুন উর রশিদ পিপিএম,এর নেতৃত্বে এএসআই(নিঃ) মোঃ সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) মোঃ হাসানুল বান্না সঙ্গীয়ফোর্সসহ দর্শনার কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের কামালের চায়ের দোকানের সামনে অভিযান চালিয়ে তাকে আটক করেন। মাদক আইনে মামলা দিয়ে শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

দামুড়হুদায় কাঠ বোঝায় পাওয়ার টিলার উল্টে চালক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় কাঠ বোঁঝাই পাওয়ার টিলার নিচে পড়ে চালক শামিম হোসেন (২২) নিহত ।

আজ ৮ জুলাই শুক্রবার সকাল ৬টার দিকে দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে এই দুর্ঘটনা ঘটে। নিহত শামিম হোসেন জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

নিহতের ভাই শাওন হোসেন বলেন, ফজরের আজানের সময় তার ভাই কাঠ বোঝাই পাওয়ার টিলার নিয়ে আলমডাঙ্গার দিকে যাচ্ছিল। এমন সময় জীবননগর-চুয়াডাঙ্গা মহাসড়কের দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে পৌছালে অতিরিক্ত কাঠ বোঁঝায় পাওয়ার টিলারের একসেল ভেঙ্গে পাওয়ার ট্রিলারের নিচে পড়ে শরীর থেকে ডান পা বিচ্ছিন ও মাথায় প্রচন্ড আঘাত পেয়ে ঘটনা স্থলেই মারা যায়। খবর পেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অতিরিক্ত কাঠ বোঝাঁয়ের কারনে একসেল ভেঙ্গে এই দুর্ঘটনা ঘটেছে।